**উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী**

উপজেলা: কচুয়া, জেলা: বাগেরহাট

সভাপতি : জনাব মোঃ ফিরোজ আহমেদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট।

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, কচুয়া, বাগেরহাট।

সভার তারিখ : ০২/০৭/২০২১ খ্রী।

সভার সময় : সকাল ১০.০০টা।

উপস্থিতি : পরিশিষ্ট-ক অনুযায়ী

আলোচ্য বিষয়/কার্যবিবরণী

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | যুবদের আত্ম-কর্মসংস্থান ও উন্নয়ন | সভার সদস্য সচিব বলেন, বর্তমানে যুব প্রশিক্ষণের ব্যাপারে চাহিদা এবং যুবদের আত্মকর্মসংস্থান বাড়ানো জরুরী। কোন কোন ট্রেডে প্রশিক্ষণ প্রক্রিয়া চালু না থাকায় সেই সব ট্রেডে যুবরা অনেক সময় বেকার থাকছে। এ জন্য যুবদের উৎপাদিত পণ্যের আদর্শ মার্কেটিং ব্যবস্থা আবশ্যক। | যুবদের চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ০২ | বৈশ্বিক করোনা পরিস্থিতিতে যুব কার্যক্রম পরিচালনা | সভায় সদস্য সচিব জানান যে, চলমান করোনাভাইরাস পরিস্থিতিতে যুব কার্যক্রম পরিচালনা ক্ষেত্রে গতি মন্থর হয়েছে। কেননা এ সময়ে যুব ঋণ দান, আদায় এবং প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা যাচ্ছে না। | সরকারের সিদ্ধান্তের আলোকে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ০৩ | উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক | করোনাকালীন সময়ে অনেক প্রতিষ্ঠান বন্ধ হয়ে গেছে এবং অনেক কাজের ইতোমধ্যে বন্ধ হয়ে গিয়েছে। ফলে অনেক মানুষ বিশেষত যুবরা বেকার হয়ে গিয়েছে এবং নতুন কাজের ক্ষেত্র সংকুচিত হয়ে পড়েছে। তাই বেকার যুবদের কর্মসংস্থান সৃষ্টির জন্য তিনি গুরুত্বারোপ করেন। তিনি এ ক্ষেত্রে যুবদের দক্ষ করে তোলার জন্য ড্রাইভিং প্রশিক্ষণ এবং ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কোর্সের জন্য প্রকল্প উপস্থাপন করেন। | যুবদের দক্ষ করে তোলার জন্য ড্রাইভিং প্রশিক্ষণ এবং ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ বিষয়ক ২টি প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা উন্নয়ন প্রকল্প যাচাই বাছাই কমিটির নিকট প্রেরণ করা হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফিরোজ আহমেদ)
ভাইস চেয়ারম্যান ও
সভাপতি
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
কচুয়া, বাগেরহাট।

স্মারক নং-

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট।

০২। উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, বাগেরহাট।

০৩। অফিস কপি

(মোঃ জাহিদুর রহমান)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও
সদস্য সচিব
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
কচুয়া, বাগেরহাট

# উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি

কচুয়া, বাগেরহাট

স্থান: ভাইস চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট।

তারিখ: ০৬-০৭-২০২১

**সভার সদস্যগণের হাজিরা সীট (পরিশিষ্ট-ক)**

| ক্রম | কমিটির সদস্যবৃন্দ | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কচুয়া, বাগেরহাট | সভাপতি | | |
| ২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কচুয়া, বাগেরহাট | সদস্য | | |
| ৩ | চেয়ারম্যান, কচুয়া সদর ইউনিয়ন পরিষদ<br>কচুয়া, বাগেরহাট | সদস্য | | |
| ৪ | চেয়ারম্যান, বাধাল ইউনিয়ন পরিষদ<br>কচুয়া, বাগেরহাট | সদস্য | | |
| ৫ | তানিয়া আক্তার, কচুয়া, বাগেরহাট | সদস্য | | |
| ৬ | মীর আওসাফুর রহমান মারুফ, কচুয়া,<br>বাগেরহাট | সদস্য | | |
| | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কচুয়া,<br>বাগেরহাট | সদস্য সচিব | | |

# উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতি ঃ জনাব মোঃ ফিরোজ আহমেদ ,ভাইস চেয়ারম্যান , কচুয়া , বাগেরহাট ।
স্থান ঃ উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ ।
তারিখ ও সময় ঃ ০৭/০৯/২০২১ খ্রিঃ , সকাল – ১১.০০টা ।

## সভার কার্যবিবরণী

অদ্য ০৭/০৯/২০২১ তারিখে বর্তমান অর্থবছরের (২০২১–২০২২ ) প্রথম সভা সভাপতি জনাব মোঃ ফিরোজ আহমেদ উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয় । সভায় সভাপতির অনুমোতিক্রমে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ জাহিদুর রহমান সঞ্চালকের দায়িত্ব পালন করেন । সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ এবং অনুমোদন দেয়া হয় ।

বর্তমান সভায় ২০২১–২০২২ অর্থ বছরের সম্ভাব্য কর্মসূচী নিয়ে আলোচনা হয় ।

২০২১–২০২২ অর্থ বছরে অত্র উপজেলায় ১৪ ব্যাচ প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে । প্রশিক্ষণের বিষয় আলোচনা কওে কয়েকটি বিষয় নির্ধারণ করা হয় । স্থানীয় চাহিদার বিষয় খেয়াল রেখে কিছু বিষয় নির্ধারণ করা যেতে পারে । সভার সভাপতি মহোদয় কবুতর পালন বিষয়ে প্রশিক্ষনের ব্যাপারে জোর দেন । এ ছাড়া যুব যুবতীদের আয়বর্ধক এবং জনপ্রিয় বিষয় আউট সোর্সিং প্রশিক্ষণের আয়োজনে মতামত দেন । তিনি স্থানীয়ভাবে আয়োজনের জন্য সম্ভাব্য ব্যয়ের ক্ষেত্রে উপজেলা পরিষদের রাজস্ব খেকে বরাদ্দ চাওয়ার তাগিদ দেন ।

কবুতর পালন বিষয়ে অভিজ্ঞ খামারীর কাছ থেকে পরামর্শ নেয়ার তাগিদ দেন । পশু পাখির রোগ প্রতিকার ও প্রশিক্ষণের আলোচনা করেন। এ ছাড়া অন্যান্য সম্ভাব্য প্রশিক্ষণের বিষয় নির্ধারণের জন্য তাগিদ দেন। যুব সংগঠন অনুমোদনের জন্য প্রয়োজণীয় কাগজপত্র কি কি লাগবে সে ব্যাপারে সভাপতি মহোদয় তাগিদ দেন । বর্তমান সময়ের খেলাপী ঋণ আদায়ে সভাপতি সর্বাত্মক সহযোগিতা করার মনোভাব পোষন করেন ।

সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বর্তমান অর্থবছরে অত্র উপজেলায় বায়োগ্যাস প্রকল্প চালু করার সম্ভাবনা রয়েছে বলে জানান । বায়োগ্যাস প্রকল্পে কারিগরী সহায়তা ৫০০০/- টাকা পর্যন্ত অনুদান এবং প্রয়োজন ঋণ সহায়তা প্রদান করা হয় বলে তিনি জানান ।

সভায় অন্য কোন বিষয় আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম সমাপ্ত ঘোষনা করেন

(মোঃ ফিরোজ আহমেদ)
সভাপতি
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি
কচুয়া, বাগেরহাট।

স্মারক নং– ৩৪.০১.০১০০.০১৩৮.০০০০.০৬.০১৩.১৭ - ৪৭৫ তারিখ ঃ ০৭/০৯/২০২১ খ্রিঃ।

অনুলিপি জ্ঞাতার্থে / কার্যার্থে প্রেরন করা হলোঃ
০১। চেয়ারম্যান , উপজেলা পরিষদ , কচুয়া , বাগেরহাট ।
০২। উপজেলা নির্বাহী অফিসার , কচুয়া, বাগেরহাট ।
০৩। উপ-পরিচালক , যুব উন্নয়ন অধিদপ্তর,বাগেরহাট।
০৪। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ ,কচুয়া , বাগেরহাট ।
০৬। চেয়ারম্যান , ইউনিয়ন পরিষদ , কচুয়া সদর / গোপালপুর , কচুয়া বাগেরহাট ।
০৭। অফিস কপি ।

(মোঃ জাহিদুর রহমান)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
কচুয়া, বাগেরহাট।

CamScanner

## উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি

কচুয়া, বাগেরহাট

স্থান: ভাইস চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট।

তারিখ: ০৭-০৯-২০২১

**সভার সদস্যগণের হাজিরা সীট (পরিশিষ্ট-ক)**

| ক্রম | কমিটির সদস্যবৃন্দ | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ কচুয়া, বাগেরহাট | সভাপতি | [signature] | |
| ২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ কচুয়া, বাগেরহাট | সদস্য | | |
| ৩ | চেয়ারম্যান, কচুয়া সদর ইউনিয়ন পরিষদ কচুয়া, বাগেরহাট | সদস্য | [signature] | |
| ৪ | চেয়ারম্যান, বাধাল ইউনিয়ন পরিষদ কচুয়া, বাগেরহাট | সদস্য | [signature] | |
| ৫ | তানিয়া আক্তার, কচুয়া, বাগেরহাট | সদস্য | [signature] | |
| ৬ | মীর আওসাফুর রহমান মারুফ, কচুয়া, বাগেরহাট | সদস্য | [signature] | |
| ৫ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কচুয়া, বাগেরহাট | সদস্য সচিব | [signature] | |

# উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ ফিরোজ আহম্মেদ, ভাইস চেয়ারম্যান ,কচুয়া, বাগেরহাট ।
স্থান ঃ উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ ।
তারিখ ও সময় ঃ ২৫/০৫/২০২২ইং , সকাল- ১১-০০ টা ।

## সভার কার্যবিবরণী

অদ্য ২৫/০৫/২০২২ ইংরেজী তারিখে বর্তমান অর্থবছর (২০২১-২০২২) ২য় সভা সভাপতি জনাব মোঃ ফিরোজ আহম্মেদ উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয় । সভাপতি মহোদয়ের অনুমোতিক্রমে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ জাহিদুর রহমান সঞ্চালকের দায়িত্ব পালন করেন । সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং সকলের সম্মতিতে তা অনুমোদিত হয় ।

অত্র উপজেলার পরিচালিত দুটি কর্মসূচীর বিষয়ে সভায় অবহিত করা হয় । ঋণ বিতরণ, আদায় এবং প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে এগিয়ে চলছে । লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মসূচী বাস্তবায়নে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রয়েছে ।

গত সভায় বায়োগ্যাস কর্মসূচী চালু করার কথা জানিয়েছিলেন । উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ইতিমধ্যে এ বিষয়ে প্রধান কার্যালয়ের অনুমোতি পাওয়া গেছে এবং জনবল সাপেক্ষে কর্মসূচী বাস্তবায়িত হবে বলে তিনি জানান ।

আগামী অর্থ বছরে কমপক্ষে ২৫টি ব্যাচ প্রশিক্ষণের আয়োজনের কথা সভায় জানানো হয় । লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ করা হবে বলে সভায় অবহিত করা হয় । উপজেলায় আগামী অর্থবছরে ৪০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হতে পারে এবং ৫০০জন যুব সদস্যকে প্রশিক্ষণের ব্যবস্থা স্থানীয়ভাবে করা হতে পারে । জেলা এবং কেন্দ্রিভাবে আরও কিছু সংখ্যক যুব সদস্যকে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে । জাতীয় দিবস সমূহ যথাযথ মর্যাদায় পালনের পরিকল্পনাও রয়েছে ।বিশেষ করে জাতীয় শোক দিবস ,আন্তর্জাকিত যুব দিবস,জাতীর জনকের জন্মদিন, বিজয় দিবস, স্বাধীনতা দিবস সহ অন্যান্য দিবস সমূহ গুরুত্ব সহকারে পালনের আশাবাদ ব্যক্ত করা হয় ।

সভায় অন্য কোন বিষয় আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন ।

২৫/৫/২২

(মোঃ ফিরোজ আহম্মেদ)
সভাপতি
উপজেলা যুব ও ক্রীয়া উন্নয়ন স্থায়ী কমিটি
কচুয়া ,বাগেরহাট ।

স্মারক নং- ৩৪.০১.০১৩৮.০০০.০৬.০১৩.১৭- ৫১৩ তারিখ ঃ ২৫/০৫ /২০২২ খ্রিঃ।

অনুলিপি জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। চেয়ারম্যান , উপজেলা পরিষদ , কচুয়া, বাগেরহাট ।
০২। উপজেলা নির্বাহী অফিসার , কচুয়া বাগেরহাট ।
০৩। উপ-পরিচালক , যুব উন্নয়ন অধিদপ্তর , বাগেরহাট ।
০৪। ভাইস চেয়াম্যান/ মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ ,কচুয়া ,বাগেরহাট ।
০৫। চেয়ারম্যান ,ইউনিয়ন পরিষদ, কচুয়া সদর/ গোপালপুর, কচুয়া ,বাগেরহাট ।
০৬। অফিস কপি ।

(মোঃ জাহিদুর রহমান)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
কচুয়া , বাগেরহাট ।

CamScanner

## উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি

কচুয়া, বাগেরহাট

স্থান: ভাইস চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট।

তারিখ: ২৫-০৫-২০২২

**সভার সদস্যগণের হাজিরা সীট (পরিশিষ্ট-ক)**

| ক্রম | কমিটির সদস্যবৃন্দ | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ কচুয়া, বাগেরহাট | সভাপতি | [signature] | |
| ২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ কচুয়া, বাগেরহাট | সদস্য | [signature] | |
| ৩ | চেয়ারম্যান, কচুয়া সদর ইউনিয়ন পরিষদ কচুয়া, বাগেরহাট | সদস্য | [signature] | |
| ৪ | চেয়ারম্যান, বাধাল ইউনিয়ন পরিষদ কচুয়া, বাগেরহাট | সদস্য | [signature] | |
| ৫ | তানিয়া আক্তার, কচুয়া, বাগেরহাট | সদস্য | [signature] | |
| ৬ | মীর আওসাফুর রহমান মারুফ, কচুয়া, বাগেরহাট | সদস্য | [signature] | |
| ৫ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কচুয়া, বাগেরহাট | সদস্য সচিব | [signature] | |